

## সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১৮৪১

৫/ হাজ্জ (হজ্জ/হজ) (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৩৭. মুহরিম ব্যক্তির বিবাহ করা।

### باب الْمُحْرِمِ يَتَزَوَّجُ

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكٍ، عَنْ نَافِعٍ، عَنْ نُبَيْهِ بْنِ وَهْبٍ، أَخِي بَنِي عَبْدِ الدَّارِ أَنَّ عُمَرَ بْنَ  
عُبَيْدِ اللَّهِ، أَرْسَلَ إِلَى أَبَانَ بْنِ عُثْمَانَ بْنِ عَفَّانٍ يَسْأَلُهُ وَأَبَانُ يُؤَمِّنُ أَمِيرَ الْحَاجِّ وَهُمَا  
مُحْرِمَانِ إِنِّي أَرَدْتُ أَنْ أُنْكَحَ طَلْحَةَ بِنْتُ عُمَرَ ابْنَةَ شَيْبَةَ بْنِ جُبَيْرٍ فَأَرَدْتُ أَنْ تَحْضُرَ ذَلِكَ  
. فَأَنْكَرَ ذَلِكَ عَلَيْهِ أَبَانٌ وَقَالَ إِنِّي سَمِعْتُ أَبِي عُثْمَانَ بْنِ عَفَّانٍ يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ  
صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " لَا يَنْكَحُ الْمُحْرِمُ وَلَا يُنْكَحُ " .

বাংলা

১৮৪১. আল কা'নবী (রহঃ) ..... নুবাইহ্ ইবন ওয়াহব (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, উমর ইবন উবায়দুল্লাহ্ (রহঃ) এক ব্যক্তিকে আবান ইবন উসমান ইবন আফফানের নিকট এতদসম্পর্কে (মুহরিম ব্যক্তির বিবাহ) জিজ্ঞাসা করার জন্য প্রেরণ করেন। আবান (রহঃ) সে সময় আমীরুল হজ্জ ছিলেন। তাঁরা উভয়েই ইহরাম অবস্থায় ছিলেন। আমি তালহা ইবন উমরের সাথে শায়বা ইবন যুবায়রের কন্যাকে বিবাহ দিতে চাই। আমি আশা করি আপনি অনুষ্ঠানে হাযির থাকবেন। আবান (রহঃ) তাতে অস্বীকৃতি জ্ঞাপন করেন এবং বলেন, আমি আমার পিতা উসমান ইবন আফফান (রাঃ)-কে বলতে শুনেছি, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ মুহরিম অবস্থায় কোন ব্যক্তি বিবাহও করতে পারবে না এবং (কাউকে) বিবাহ দিতেও পারবে না।

### English

Nubaih bin Wahb brother of Banu Abd Al Dar said 'Umar bin Ubaid Allah sent someone to Aban bin Uthman bin Affan asking him (to participate in the marriage ceremony). Aban in those days was the chief of the pilgrims and both were in the sacred state (wearing ihram). I want to give the daughter of Shaibah bin Jubair to Talhah bin Umar in marriage. I wish that you may attend it. Aban refused and said I heard my father 'Uthman bin Affan

narrating a tradition from the Apostle of Allaah (ﷺ) as saying A pilgrim may not marry and give someone in marriage in the sacred state(while wearing ihram).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ নুবায়হ ইবন ওহাব (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=33950>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন